# বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা।

## "ইনোভেশন টিম" এর ২০১৯-২০ অর্থবছরে অনুষ্ঠিত ৭ম সভার কার্যবিবরণী।

সভাপতিঃ মোঃ মসলেম উদ্দীন
মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) (চলতি দায়িত্ব)।
বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা

স্থানঃ বাকেশি সভা কক্ষ।
তারিখঃ ১৩-০১-২০২০ খ্রিঃ।
সময়ঃ ১০-৩০ ঘটিকা।

**সভায় উপস্থিত ইনোভেশন টিমের অন্যান্য সদস্যবৃন্দ হলেনঃ**

| ক্রম | নাম ও পদবী | ইনোভেশন টিমে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ এনামুল হক<br>উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা, উন্নয়ণ ও মাঃনিঃ)। | সদস্য | 13/01/2020 |
| ২. | জনাব এম. এম. মহিদুল ইসলাম<br>সহকারী ব্যবস্থাপক (সমন্বয়)। | সদস্য | 13.01.2020 |
| ৩. | জনাব মোঃ মোজাহিদুর রহমান<br>সহকারী ব্যবস্থাপক (ভান্ডার)। | সদস্য | 13.01.2020 |

**আলোচ্য সূচীঃ**

১। ২০১৯-২০ অর্থবছরের প্রণীত উদ্ভাবনী কর্মপরিকল্পনা পর্যালোচনা।

২। ২০১৯-২০ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ণ কার্যক্রম পরিবীক্ষণ।

৩। ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ।

৪। বিবিধ।

আলোচ্য বিষয়-১: **২০১৯-২০ অর্থবছরের প্রনীত উদ্ভাবনী কর্মপরিকল্পনা পর্যালোচনা।**

সভার শুরুতে সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে ২০১৯-২০ অর্থবছরে প্রণীত বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনায় উল্লিখিত বিভিন্ন বিষয়ের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা হয়।

টিমের সদস্য উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা, উন্নয়ণ ও মাঃনিঃ) জানান, বার্ষিক উদ্ভাবনী কর্ম-পরিকল্পনা ২০১৯-২০ এর বাস্তবায়ন অগ্রগতির অংশ হিসেবে ইতোমধ্যে নতুন ডাক্ট পাইপ মেশিন সংগ্রহের জন্য ক্রয়াদেশ প্রদান করা হয়েছে। প্রতিষ্ঠানের ডাক্ট প্ল্যান্টের উৎপাদন সক্ষমতা বৃদ্ধির জন্য ১টি নতুন ডাক্ট পাইপ তৈরীর মেশিন সংগ্রহের জন্য চুক্তি সম্পাদিত হয়েছে এবং আরও ১টি ক্রয়ের জন্য আন্তর্জাতিক দরপত্র আহবান করা হয়েছে। এছাড়াও, নতুন একটি ওএফসি সিথিং লাইন মেশিন সংগ্রহের লক্ষ্যে আহবানকৃত আন্তর্জাতিক দরপত্র বিগত ২৩-১২-২০১৯ খ্রিঃ তারিখে খোলা হয়েছে যার কারিগরি মূল্যায়নের কাজ শেষ পর্যায়ে। তিনি আরও জানান, বাকেশি'র ২০১৯-২০ অর্থবছরের জন্য ১টি উদ্ভাবনী উদ্যোগ ও ১টি সেবা সহজিকরণ কার্যক্রম বাস্তবায়ন সম্পর্কিত অফিস ইতোমধ্যে আদেশ জারী করা হয়েছে।

টিমের সদস্যবৃন্দ জানান, প্রতিষ্ঠানের ভবিষ্যত উন্নয়নে উদ্ভাবনী ও সেবা সহজিকরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং টিম কর্তৃক অত্যন্ত আন্তরিকতার সাথে তা বাস্তবায়নে ভূমিকা রাখতে হবে।

সভায় জানানো হয় যে, বাকেশি'র চলমান ইনোভেটিভ কার্মকান্ডের অংশ হিসেবে ইতোমধ্যে উদ্ভাবনী উদ্বুদ্ধকরণ বিষয়ক ১(এক) দিনের সেমিনার ও ২দিনের প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে। এতে সকলের দৃষ্টিভঙ্গির পরিবর্তন হয়েছে এবং এ সংক্রান্ত প্রশিক্ষণ/সেমিনার হতে আহরিত জ্ঞান ও অভিজ্ঞতার ফলাফল নিজ নিজ কর্মক্ষেত্রে ক্রমান্বয়ে প্রতিফলিত হচ্ছে। এই ধারাবাহিকতা অব্যাহত রেখে প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নে সকলের ঐক্যবদ্ধ অংশগ্রহণসহ উদ্ভাবনী আইডিয়া প্রদান ও বাস্তবায়নে ইতিবাচক মনোভাব নিয়ে এগিয়ে যেতে হবে।

সভায় আরও জানানো হয় যে, বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর কার্যক্রম অনুসরণে অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ণ প্রতিবেদন তৈরী করা হয়েছে যা কমিটির স্বাক্ষর নিয়ে ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রেরণ করা হবে।

আলোচ্য বিষয়-২ ও ৩: বিগত ৩০-০৬-২০১৯ খ্রিঃ তারিখে প্রণীত ২০১৯-২০ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনার পরিবীক্ষণ, বাস্তবায়ন অগ্রগতি ও মন্ত্রীপরিষদ কর্তৃক প্রনীত মূল্যায়ন কাঠামোর আলোকে ২০১৯-২০ এর বাকেশি'র বার্ষিক উদ্ভাবনী কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সহ পরবর্তী কার্যক্রমের চিত্র নিম্নে বর্ণিত হলোঃ

| ক্রম | ২০১৯-২০ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা | উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন কার্যক্রম | উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১। | পণ্য উৎপাদনে খরচ ও সময় কমানোর কৌশল উদ্ভাবন এবং তা বাস্তবায়নের উদ্যোগ। | পণ্যের উৎপাদনে ব্যয় কমানোতে মেশিন পরিচালনা, মেশিন ত্রুটি দ্রুত মেরামত, বিদ্যুত ব্যয় কমানো, কাঁচামালের অপচয় কমানো ও সময়ের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করণ।<br>(বাস্তবায়ন কাল- ০১/০৭/২০১৯ খ্রিঃ হতে ৩০/০৬/২০২০ খ্রিঃ)। | পণ্যের উৎপাদন ব্যয় কমানোর কার্যক্রম চলমান কার্যক্রম যা অব্যাহত আছে। |
| ২। | ডাক্ট পাইপের বৈচিত্র্যতা আনতে নতুন ২(দুই)টি উচ্চ ক্ষমতার HDPE Silicon Duct মেশিন স্থাপন ও চালু করা। | মেশিনের ক্রয় কার্যক্রম মনিটরিং করা এবং যথাসময়ে প্রয়োজনে কর্তৃপক্ষকে সহযোগীতা করা।<br>(বাস্তবায়ন কাল- ০১/০৮/২০১৯ খ্রিঃ হতে ৩১/০৫/২০২০ খ্রিঃ পর্যন্ত)। | ১টি মেশিন সংগ্রহের জন্য চীনা প্রতিষ্ঠানকে ক্রয়াদেশ প্রদান করা হয়েছে। বর্তমানে মেশিন তৈরীর কাজ চলছে।<br>অন্যটি সংগ্রহের জন্য আন্তর্জাতিক দরপত্র আহবান করা হয়েছে। |
| ৩। | Cost effective অপটিক্যাল ফাইবার ক্যাবল তৈরীতে নতুন ১(এক)টি উচ্চগতির অপটিক্যাল ফাইবার ক্যাবল সিথিং লাইন মেশিন সংগ্রহ, স্থাপন ও চালু করা। | মেশিনের সংগ্রহ কার্যক্রম মনিটরিং করা এবং যথাসময়ে সম্পাদকল্পে প্রয়োজনে কর্তৃপক্ষকে সার্বিক সহযোগীতা করা।<br>(বাস্তবায়ন কাল- ০১/০৯/২০১৯ খ্রিঃ হতে ৩১/০৫/২০২০ খ্রিঃ পর্যন্ত)। | মেশিন ক্রয়ের জন্য আন্তর্জাতিক দরপত্র খোলা হয়েছে। কারিগরি মূল্যায়নের কাজ শেষ পর্যায়ে আছে। |
| ৪। | আইসিটি-র উন্নয়নে ক্যাবল সরবরাহে নতুন ১(এক)টি উচ্চগতির FTTH Drop Fiber Extrusion Line Machine এবং Patch Cord ও Pigtail তৈরীর ইক্যুইপমেন্ট সংগ্রহ, স্থাপন ও চালু করা। | মেশিনের সংগ্রহ কার্যক্রম মনিটরিং করা এবং যথাসময়ে সম্পাদকল্পে প্রয়োজনে কর্তৃপক্ষকে সার্বিক সহযোগীতা করা।<br>(বাস্তবায়ন কাল- ০১/০৯/২০১৯ খ্রিঃ হতে ৩১/০৫/২০২০ খ্রিঃ পর্যন্ত)। | মেশিন ক্রয়ের কার্যক্রমের অংশ হিসেবে কারিগরি দিক পর্যালোচনা করা হচ্ছে। |
| ৫। | মানসম্মত পণ্য উৎপাদনে Copper Annealing System সংগ্রহ, স্থাপন ও চালু করা। | মেশিনের সংগ্রহ কার্যক্রম মনিটরিং করা এবং যথাসময়ে সম্পাদকল্পে প্রয়োজনে কর্তৃপক্ষকে সার্বিক সহযোগীতা করা।<br>(বাস্তবায়ন কাল- ০১/১০/২০১৯ খ্রিঃ হতে ৩১/০৬/২০২০ খ্রিঃ পর্যন্ত)। | অচীরেই আন্তর্জাতিক দরপত্র আহবান করা হবে। |
| ৬। | বিদ্যুৎ বিভ্রাটের সময় মেশিনের নিরবিচ্ছিন্ন পরিচালনায় Industrial Online UPS 300 KVA-2 Pcs সংগ্রহ, স্থাপন ও চালু করা। | মেশিনের সংগ্রহ কার্যক্রম মনিটরিং করা এবং যথাসময়ে সম্পাদকল্পে প্রয়োজনে কর্তৃপক্ষকে সার্বিক সহযোগীতা করা।<br>(বাস্তবায়ন কাল- ০১/০৯/২০১৯ খ্রিঃ হতে ৩০/১১/২০১৯ খ্রিঃ পর্যন্ত)। | সংশ্লিষ্ট বিভাগের চাহিদার ভিত্তিতে ক্রয়ের প্রস্তুতি চলছে। |
| ৭। | বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর, সার্ভিস ড্রপ ক্যাবল ও বেয়ার/ইনস্যুলেটেড ওয়্যার তৈরীর প্লান্ট স্থাপন ও চালু করণসহ cost-effective ও উন্নতমানের পণ্য উদ্ভাবন ও বাজারজাতকরণ। | প্লান্টের পরীক্ষামূলক উৎপাদন শেষে বাণিজ্যিকভাবে চালু করণ।<br>(বাস্তবায়ন কাল- ০১/০৭/২০১৯ খ্রিঃ হতে ৩০/০৬/২০২০ খ্রিঃ পর্যন্ত)। | বাণিজ্যিকভাবে উৎপাদনের জন্য প্ল্যান্ট প্রস্তুত রয়েছে। অর্ডার প্রাপ্তির জন্য প্রচেষ্টা অব্যাহত রয়েছে।<br>পণ্য সম্পর্কে প্রচারণা ও বাজারজাতকরণে ইতোমধ্যে ফোল্ডিং লিফলেট তৈরী করা হয়েছে। |
| ৮। | ওয়েব-সাইট নিয়মিত হালনাগাদ করণ ও জনবান্ধব নতুন নতুন feature উদ্ভাবন ও সংযোজন করা। | নতুন নতুন ফিচারসহ ওয়েব পেজ সমৃদ্ধিকরণ এবং নিয়মিত আপগ্রেড করণ কার্যক্রম।<br>(বাস্তবায়ন কাল- ০১/০৭/২০১৯ খ্রিঃ হতে ৩০/০৬/২০২০ খ্রিঃ পর্যন্ত)। | ওয়েব পেজ নিয়মিত আপডেট ও নতুন feature সংযুক্তির কার্যক্রম সক্রিয় আছে। |
| ৯। | মার্কেটিং কার্যক্রম সম্প্রসারণের কৌশল উদ্ভাবন ও বাস্তবায়ন। | মার্কেটিং কার্যক্রমের উন্নয়ন ও সম্প্রসারণের লক্ষ্যে প্রচার ও প্রসার সম্পর্কিত কার্যক্রম বৃদ্ধি, নতুন কৌশল উদ্ভাবন, ক্রেতার সাথে সার্বক্ষনিক যোগাযোগ ইত্যাদি বিষয়ের ব্যাপারে কার্যকর ব্যবস্থা গ্রহণ। | বাকেশি'র নতুন পণ্য বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর, সার্ভিস ড্রপ ক্যাবল ও ওয়্যার-এর বাজারজাতকরণের অংশ হিসেবে ইতোমধ্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব মহোদয় |

| | | | |
|---|---|---|---|
| | | (বাস্তবায়ন কাল- ০১/০৭/২০১৯ খ্রিঃ হতে ৩০/০৬/২০২০ খ্রিঃ পর্যন্ত)। | কর্তৃক বিদ্যুৎ বিভাগে ডিও লেটার ইস্যু করা হয়েছে। ডেসকো, পিজিসিবি, ওজোপাডিকো, আরইবি-এর উর্ধ্বতন কর্মকর্তাগণের সাথে বাকেশি কর্তৃপক্ষ সাক্ষাতপূর্বক নিয়মিত যোগাযোগ রেখে যাচ্ছেন।<br>এছাড়াও, পরিচিতি বৃদ্ধিসহ বিদ্যমান পণ্যের বিষয়ে ব্যবসায়িক প্রচার-প্রচারণা কার্যক্রম অধিক সম্প্রসারণের লক্ষ্যে বিভিন্ন মেলায় অংশগ্রহণ, ক্রেতার সাথে নিবীড় যোগাযোগ ও বাকেশির পণ্য ক্রয়ে উৎসাহিত করার কাজ সক্রিয় আছে। |
| ১০। | দক্ষ জনবল ও কম্পিউটার সংখ্যা বৃদ্ধির মাধ্যমে উদ্ভাবনী চর্চার সম্প্রসারণ। | দক্ষ জনবল তৈরীর জন্য প্রশিক্ষণ প্রদানসহ প্রতিষ্ঠানের কম্পিউটারের সংখ্যা আরও বৃদ্ধির কার্যক্রম।<br>(বাস্তবায়ন কাল- ০১/০৭/২০১৯ খ্রিঃ হতে ৩০/০৬/২০২০ খ্রিঃ পর্যন্ত)। | জনবলের দক্ষতার উন্নয়নে প্রতিষ্ঠানের পক্ষ থেকে নিয়মিত ইন-হাউজ প্রশিক্ষন কার্যক্রম চলমান আছে। ভান্ডার শাখায় ৩টি সহ অন্যান্য দপ্তরে নতুন কম্পিউটার সংযোজন করা হয়েছে। |
| ১১। | কার্যকর প্রশিক্ষণ উদ্ভাবন ও তা বাস্তবায়ন। | নৈতিকতা ও শুদ্ধাচার চর্চা এবং ইনোভেশন সম্পর্কিত নতুন চিন্তা, চেতনা ও কৌশল নির্ধারণের জন্য নিয়মিত উদ্বুদ্ধকরন কার্যক্রম।<br>(বাস্তবায়ন কাল- ০১/০৭/২০১৯ খ্রিঃ হতে ৩০/০৬/২০২০ খ্রিঃ পর্যন্ত)। | নৈতিকতা ও শুদ্ধাচার কৌশল চর্চা এবং ইনোভেশন কার্যক্রমে প্রতিষ্ঠানের সকলকে নিয়মিত ইন-হাউজ প্রশিক্ষণের মাধ্যমে অবহিতকরণসহ বাস্তবায়নে ঐকান্তিক প্রচেষ্টা চলমান রয়েছে।<br>উদ্ভাবনী কর্মপরিকল্পনার অংশ হিসেবে ২ দিনের ২টির মধ্যে আগামী ২৯-৩০ ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ পর্যন্ত ১টি প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে। অন্যটি, চলমান অর্থবছরে এপ্রিল-২০২০ মাসে সম্পন্ন করা হবে। |
| ১২। | ১টি উদ্ভাবনী উদ্যোগ উদ্ভাবন ও ১টি সেবা পদ্ধতি সহজিকরণের কার্যক্রম। | বাকেশি'র কাজের সাথে সম্পৃক্ত জনগণকে অতি সহজে ও নির্বিঘ্নে সেবা প্রদানের জন্য ১টি ডিজিটাল সেবা উদ্ভাবন ও ১টি সেবা পদ্ধতি সহজিকরণে কার্যক্রম গ্রহণ ও তা বাস্তবায়ন।<br>(বাস্তবায়ন কাল- ০১/০৭/২০১৯ খ্রিঃ হতে ৩০/০৬/২০২০ খ্রিঃ পর্যন্ত)। | ১। উদ্ভাবনী উদ্যোগ হিসেবে "Store Management Software" চালু করণের জন্য অফিস আদেশ জারী করা হয়েছে। এর কার্যক্রমও শুরু হয়েছে।<br>২। চেক/পে-অর্ডার এর পরিবর্তে অনলাইনের মাধ্যমে অর্ডারকৃত পণ্যের অর্থ সংগ্রহ সম্পর্কিত সেবা পদ্ধতি সহজিকরণে কার্যক্রম চালু করা হয়েছে। |

আলোচ্য বিষয়-৪: বিবিধ।

বর্ণিত কর্মপরিকল্পনাগুলির সক্রিয় বাস্তবায়নে প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীর অংশগ্রহণ ও সহযোগীতা নিয়ে কার্যক্রম চলমান রাখা হয়েছে। কোন বিষয়ে পরামর্শ বা নির্দেশনার প্রয়োজন হলে টিম কর্তৃপক্ষের সাথে আলোচনা করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করছে।

**গৃহীত কর্মপরিকল্পনাগুলোর কার্যকরী বাস্তবায়নে আলোচনান্তে গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপঃ**

১। ২০১৯-২০ অর্থবছরের উদ্ভাবনী কার্যক্রমের সফল ও টেকসই বাস্তবায়নে ইনোভেশন টিমের সর্বাত্বক কার্যক্রম ও সহযোগীতা অব্যাহত রাখা।

২। নৈতিকতা ও শুদ্ধাচার চর্চায় মেধা বিকাশ ও মানসিকতার উন্নয়নে সকলকে উদ্যোমী ও উৎসাহিত করতে হবে।

৪। প্রতি মাসে কমিটির ১টি সভা আহবান করে কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা ও পরিবীক্ষণ ব্যবস্থা সক্রিয় রাখতে হবে।

৫। ইনোভেশন টিমের কার্যক্রমের সকল প্রতিবেদন ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬। তথ্য বাতায়নের ইনোভেশন কর্ণারে সভার কার্যবিবরণী আপলোড করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২/০১/2020

(মোঃ মসলেম উদ্দীন)
মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) (চলতি দায়িত্ব)
ও
ইনোভেশন অফিসার।